

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৪.০০১.২০-৩০৮

তারিখ: ২৯ আষাঢ়, ১৪২৮

১৩ জুলাই ২০২১


বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।

ক্রমিক নং	শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বিষয়
১.	হাজী আ: কাদের মোল্লা-ফাতেমা বেগম ট্রাস্ট (কেএফটি) কলেজিয়েট স্কুল, মতলব (দক্ষিণ), চাঁদপুর।	নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদান

০২। বর্নিতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্বে বর্ণিত বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত/সম্মিলিত করে নির্ধারিত ছক মোতাবেক মতামত/সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) প্রতিষ্ঠানের EIIN নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ও ইমেইল নম্বর;
- (২) প্রতিষ্ঠানের জমির নামজারি ও হালনাগাদ খাজনা পরিশোধের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (৩) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য ব্যক্তির পরিচয় প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তি নামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/র সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক-সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে)।



১৩-৭-২০২১

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৭০৬৭২

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

ইমেইল: as.sec3@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৪.০০১.২০-৩০৮/১(৪)


তারিখ: ২৯ আষাঢ়, ১৪২৮

১৩ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) প্রধান শিক্ষক, হাজী আ: কাদের মোল্লা-ফাতেমা বেগম ট্রাস্ট (কেএফটি) কলেজিয়েট স্কুল, মতলব (দক্ষিণ), চাঁদপুর
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) অফিস কপি



১৩-৭-২০২১

আনোয়ারুল হক

উপসচিব